

প্রিয় পরিবারবর্গ,

12 অক্টোবর, 2021 থেকে শুরু করে আপনার সন্তানকে তার DOE ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে তার DOE ক্রোমবুকে সাইন ইন করতে হবে।(এটি তার '@nycstudent.net অ্যাকাউন্ট'।)

এই পরিবর্তন DOE-কে বিষয়বস্তু বাছাই বা ফিল্টার করার অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজটি করার সুযোগ দেবে, যা আপনার সন্তান ও DOE কমিউনিটিকে অনিরাপদ ইন্টারনেট বিষয়বস্তু থেকে সুরক্ষিত রাখবে। একবার আপনার সন্তান তার DOE অ্যাকাউন্ট ব্যবহার করে DOE-এর ক্রোমবুকে সাইন ইন করলে, সেই ডিভাইসটিতে তার স্কুল অ্যাকাউন্ট-এ যেতে সক্ষম হবে।

- আপনি আপনার সন্তানের DOE অ্যাকাউন্ট সম্পর্কে তথ্য schools.nyc.gov/studentaccounts ওয়েবপেজে খুঁজে পাবেন।
- আপনার যদি একটি নিউ ইয়র্ক সিটি স্কুল অ্যাকাউন্ট (NYCSA) থাকে (<https://www.schools.nyc.gov/NYCSA>) তবে আপনি প্যারেন্ট পোর্টালে আপনার সন্তানের পাসওয়ার্ড নিয়ন্ত্রণ করতে পারবেন। 'Manage Account' (অ্যাকাউন্ট ব্যবস্থাপনা) খুঁজুন এবং 'Student Password' (শিক্ষার্থীর পাসওয়ার্ড) বেছে নিন।
- যদি আপনার সন্তান তার যথাযথ পরিচিতি ব্যবহার করে DOE ক্রোমবুকে সাইন ইন করে কিন্তু ডিভাইসটি প্রত্যাশা অনুযায়ী কাজ না করে, কিংবা যদি সে তার ডিভাইস-এ উক্ত পরিচিতি ব্যবহার করে সাইন ইন করতে ব্যর্থ হয়, তাহলে আপনি <https://www.nycenet.edu/technicalsupportforfamily> ওয়েবপেজ ব্যবহার করে অথবা 718-935-5100 নম্বরে ফোন করে, অপশন 5 বেছে নিয়ে, একটি টিকেট খুলতে পারেন।

শুভেচ্ছান্তে,

ডিভিশন অভ ইন্সট্রাকশন্যাল অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন